



The Cost of Stair Lifts May Surprise You

AD Stair Lifts



8 Tips for Better Sleep

AD Thetricksandtips.in



Sponsored Content



Stair Lifts Might Be Sold at Amazing Prices.

Stair Lifts



Premium Unsold Cars Might be Selling for Almo...

Search Ads



8 Tips for Better Sleep

Thetricksandtips.in



7 Natural Beauty Tips For Glowing Skin

Thetricksandtips.in



আনন্দবাজার পত্রিকা অনলাইন

০৫ জুলাই ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিও

Anandabazar / West Bengal / Kolkata /

Ragging

র্যাগিং বন্ধে বিভাগীয় স্কোয়াডও চায় জুটা

শিক্ষক সমিতির আরও প্রস্তাব, বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ভাবে অ্যান্টি র্যাগিং স্কোয়াড যেমন আছে, তার সঙ্গে বিভাগীয় অ্যান্টি র্যাগিং স্কোয়াড থাকুক।



—প্রতীকী ছবি।

নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা

🕒 শেষ আপডেট: ০৫ জুলাই ২০২৪ ০৭:১১

র্যাগিং রুখতে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগে নিজস্ব অ্যান্টি র্যাগিং স্কোয়াড গঠনের প্রস্তাব কর্তৃপক্ষকে দিল যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (জুটা)। বৃহস্পতিবার অন্তর্বর্তী উপাচার্য ভাস্কর গুপ্তকে দেওয়া স্মারকলিপিতে তারা এমনই জানিয়েছে। র্যাগিং আটকাতে ইতিমধ্যেই কর্তৃপক্ষ প্রথম এবং দ্বিতীয় বর্ষের পড়ুয়াদের আলাদা হস্টেলে রাখার সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্ত চলতি শিক্ষাবর্ষ থেকেই কার্যকর করার দাবিও জানিয়েছে জুটা।

শিক্ষক সমিতির আরও প্রস্তাব, বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ভাবে অ্যান্টি র্যাগিং স্কোয়াড যেমন আছে, তার সঙ্গে বিভাগীয় অ্যান্টি র্যাগিং স্কোয়াডও থাকুক। র্যাগিংয়ের বিরুদ্ধে পড়ুয়া, শিক্ষক ও শিক্ষাকর্মীদের সংবেদনশীল করতে পৃথক কর্মশালা করার প্রস্তাব দেওয়া হয়েছে। অ্যান্টি-র্যাগিং স্কোয়াড যাতে নিয়মিত হস্টেল পরিদর্শন করে, তার উপরেও জোর দেওয়া হয়েছে।

বলা হয়েছে, কাউন্সেলিং সেল সম্পর্কে সকলকে অবগত করতে হবে। গত অগস্টে র্যাগিংয়ের জেরে এক ছাত্রের মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে অ্যান্টি র্যাগিং কমিটি ও কর্মসমিতির নেওয়া সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের দাবিও তোলা হয়েছে।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

অন্য বিষয়গুলি: [Ragging](#) [JUTA](#) [Jadavpur University](#)

Rangriti |

wa



Modern Designs
for the Modern You

Shop Now

আনন্দবাজার অন

টাকা TALK

ওয়েবিনার

মিউচুয়াল ফ

হাতে

কোন পথে হাঁট

৫ জুলাই ২০২৪ দুপুর ১টা

রেজিস্টার করুন %

%

%

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

